গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohpw.gov.bd.



স্মারক নম্বরঃ ২৫.০০.০০০০.০০০.১২৭.১১.০০০১.১৫-১৪৪২

তারিখঃ ২৩ কার্তিক ১৪৩৩
০৮ নভেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের ১১/০৮/২০২৬ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১. ২৮৭২.২০২৬-১০৯ সংখ্যক স্মারকের সুপারিশের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ মোতাবেক জাতীয় বেতনস্কেল ২০২৬ অনুযায়ী ৩২,০০০-৭৭,৩০০/- টাকার বেতনস্কেলে (গ্রড-১০) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নেবর্ণিত নিয়োগপ্রার্থীকে 'ব্যক্তিগত কর্মকর্তা' পদে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ও বর্তমান ঠিকানা	নিয়োগকৃত পদের নাম
১.	মিজ্ ছাবিকুন নাহার বন্যা পিতা-মোঃ বাদশা মিয়া মাতা-নুরুন্নাহার বেগম	গ্রাম-ছাবনী পাড়া, ডাকঘর-নলিয়া (৭৭৩১) উপজেলা-বালিয়াকান্দি, জেলা-রাজবাড়ী	ব্যক্তিগত কর্মকর্তা

শর্তসমূহঃ

ক. যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;

খ. বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা ও নন গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (পতাকা-ক) এর ৬(১) (ক) বিধি মোতাবেক অস্থায়ী পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগত কর্মকর্তা ০২(দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে;

গ. একই বিধিমালার ৬ (২) (ক) বিধি মোতাবেক শিক্ষানবিশ থাকাকালে তার আচরণ এবং কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে কর্তৃপক্ষ তার চাকুরির অবসান ঘটাতে পারবে;

ঘ. তাকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) সাফল্যের সাথে সম্পন্ন করতে হবে;

ঙ. শিক্ষানবিসের মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর সরকার কর্তৃক আরোপিত/বিদ্যমান অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে স্থায়ী পদে তার চাকুরি স্থায়ীকরণ করা হবে;

চ. যদি তিনি শিক্ষানবিসকালীন অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন এবং তার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে কর্মস্থলে অনুপস্থিত থাকেন তা হলে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

ছ. সংশ্লিষ্ট বিধি বিধান অনুসরণপূর্বক জ্যেষ্ঠতাক্রম অনুসরণ করা হবে;

জ. যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

ঝ. কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি পত্র (Release Letter) গ্রহণপূর্বক জমা দিতে হবে;

ঞ. চাকরিতে ইস্তফা প্রদানের জন্য ০১ (এক) মাসের নোটিশ অথবা ০১ (এক) মাসের সমপরিমাণ বেতন সরকারি কোষাগারে জমা দিতে হবে। অন্যথায়, The Public Demand Recovery Act 1913 অনুযায়ী তা আদায়যোগ্য হবে;

ট. তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেদন না এবং কোন যৌতুক দিবেন না; এই মর্মে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা/মূচলেকা চাকুরির যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে;

ঠ. The Government Servents (Conduct) Rules 1979 এর ১৩ (১) উপবিধি অনুযায়ী তাঁকে সকল স্থাবর ও অস্তাবর সম্পত্তির বিবরণী সম্বলিত একটি ঘোষণাপত্র চাকুরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

ড. অস্থায়ীভাবে সৃজিত এই পদের বিপরীতে তাকে নিয়োগ করা হলো। অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হবে সেই তারিখ হতে উক্ত ব্যক্তির চাকুরি স্থায়ী হবে;

অ:পৃ:দ্র:

পূর্ব পৃষ্ঠার পর:

ঢ. নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশে, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;

ণ. চাকরিতে যোগদানের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না;

ত. সংশ্লিষ্ট পদে/ স্কেলে চাকুরিকালীন তিনি সরকারি বিধি মোতাবেক ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;

থ. উল্লিখিত শর্তাবলীর আওতায় চাকুরিতে যোগাদানে সম্মত হলে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা আগামি ৩০ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করবেন। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৪/১১/২০২৬

মোহাম্মদ আবদুল আওয়াল
উপসচিব
ফোন-০২-৫৫১০০৬১৮

স্মারক নম্বরঃ ২৫.০০.০০০০.০০০.১২৭.১১.০০০১.১৫-১৪৪২

তারিখঃ ১৯ কার্তিক ১৪৩৩
০৪ নভেম্বর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. উপসচিব, নিরাপত্তা-২ অধিশাখা, নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা।
৭. সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী বাংলাদেশ গেজেটে প্রকাশপূর্বক অত্র বিভাগে ১০ (দশ) কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৯. অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, নিরাপত্তা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা, সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. হিসাবরক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. মিজ্ ছাবিকুন নাহার বন্যা, পিতা-মোঃ বাদশা মিয়া. স্থায়ী ঠিকানা- গ্রাম-ছাবনীপাড়া, ডাকঘর-নলিয়া (৭৭৩১), উপজেলা-বালিয়াকান্দি, জেলা-রাজবাড়ী।
১৪. অফিস কপি।

০৪/১১/২০২৬

মোহাম্মদ আবদুল আওয়াল
উপসচিব